অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের সাথে প্রতারণা করার জন্য ওপিওয়েড শিল্পের থেকে 2 বিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধার করার জন্য পদক্ষেপ নেবার কথা ঘোষণা করেছেন

কয়েক লাখ গ্রাহক এবং নিউ ইয়র্কের কয়েক হাজার ক্ষুদ্র ব্যবসায়ী ওপিওয়েড সংকটের ফলে প্রিমিয়াম বাবদ 2 বিলিয়ন মার্কিন ডলার বেশি প্রদান করেছেন

আর্থিক পরিষেবা অধিদপ্তর নিউ ইয়র্কের বীমা শিল্পের উপর তাদের কর্তৃত্ব ব্যবহার করবে যাতে প্রয়োজনীয় সব জরিমানা আরোপ করা নিশ্চিত করা যায় শিল্পের প্রধান সত্ত্বাগুলির উপর এবং নিউ ইয়র্কবাসীরা যেন ক্ষতিপূরণ পান তা নিশ্চিত করতে

বিষয়টির উপর আলোকপাত করতে রাজ্য জুড়ে শুনানি করবে ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS)

জাতীয় ওপিওয়েড মহামারী থেকে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য গভর্নর কুওমোর চলমান, আক্রমণাত্মক, বহুমুখী প্রচেষ্টার অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্কের গ্রাহকদের জন্য, যারা চলমান ওপিওয়েড মহামারির খরচ বহন করেছেন বর্ধিত বীমার প্রিমিয়ামের আকারে, 2 বিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধার করতে ওপিওয়েড নির্মাতা, ডিস্ট্রিবিউটর এবং ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে আর্থিক পরিষেবা অধিদপ্তর।

"আমি বেশ কিছু ছক এবং জালিয়াতি দেখেছি, কিন্তু ওপিওয়েড স্কিম যেমন নারকীয়, তেমনি নির্লজ্জ, তেমনি ঘৃণ্য এবং অপমানজনক যা আমি কখনো দেখেছি", **গভর্নর কুওমো বলেন।** "এই ওষুধ কোম্পানিগুলো জানত তারা কী করছে। এটা দুর্ঘটনাজনিত ছিল না - এটি একটি শিল্প-ব্যাপী ষড়যন্ত্র ছিল। তারা যে ক্ষতি করেছে তা অপরিমেয় - এতে কয়েক হাজার মানুষের জীবন ও কোটি ডলার খরচ হয়েছে এবং তারা কয়েক দশক ধরে এই কাজ করে পার পেয়ে গেছে। এই ওষুধ কোম্পানিগুলো খুন করে পালিয়ে যেতে পারবে না, এবং এটা নিশ্চিত করতে আমরা বেশ কিছু পদক্ষেপ নিচ্ছি।"

"ওপিওয়েড মহামারী দ্বারা সৃষ্ট মর্মান্তিক পরিস্থিতি আমি দেখেছি যখন আমি আমার নিজের সহ রাজ্যের বিভিন্ন সম্প্রদায়ের পরিবারের সাথে দেখা করেছি", **নিউ ইয়র্ক স্টেটের হেরোইন ও**

আফিমজাতীয় মাদকদ্রব্যের টাস্কফোর্সের (NYS Heroin and Opioid Abuse Task Force) সহ-সভাপতি লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন। "আর্থিক পরিষেবা দপ্তরের এই পদক্ষেপ তারা যে ক্ষতি করেছে তার জন্য নির্মাতারা এবং ডিস্ট্রিবিউটরদের দায়বদ্ধ করবে। নিউ ইয়র্কবাসীরা প্রতারণামূলক ওপিওয়েড বিপননের ফল ভোগ করেছে - যার ফলে একটি আসক্তিকারী বস্তুর বেশি মাত্রায় প্রেসক্রিপশন প্রদান করা হয়েছে। আমরা গ্রাহকদের রক্ষা করতে এবং এই সংকট অবসানের জন্য কার্যকর সমাধান খুঁজে বের করতে এবং জীবন বাঁচাতে অঙ্গিকারবদ্ধ।"

আর্থিক পরিষেবা দফতর স্থির করেছে জে গত 10 বছর ধরে নিউ ইয়র্কের গ্রাহকরা বীমার প্রিমিয়াম বাবদ আনুমানিক 2 বিলিয়ন মার্কিন ডলার বেশি প্রদান করেছেন। এই ওভারপেমেন্ট হচ্ছে ওপিওয়েড সাথে যুক্ত খরচের কারণে, যা ওপিওয়েডের নিরাপত্তা এবং কার্যকারিতা ভুলভাবে উপস্থাপন করেন নির্মাতারা - এবং তার ফলে ওপিওয়েডের অতিমাত্রায় প্রেসক্রিপশন জারি করা হয়, অতিরিক্ত আসক্তির চিকিৎসা এবং অন্যান্য প্রতিকূল স্বাস্থ্যের অবস্থার চিকিৎসার জন্য যা ওপিওয়েড আসক্তির সাথে যুক্ত। DFS ওপিওয়েড শিল্পের থেকে জরিমানা ও ক্ষতিপূরণ চাইবে এবং এই সব কাজে পুরোপুরি সহযোগিতা করার জন্য বীমাকারকদের নির্দেশ দিচ্ছে।

উপরন্তু, DFS, গ্রাহকদের কাছে সমস্যা উন্মোচন করতে এবং স্বাস্থ্য বীমা সিস্টেমের উপর প্রভাব সম্পর্কে স্বচ্ছতা উত্পাদন করতে রাজ্য জুড়ে শুনানি করবে।

DFS, ওপিওয়েড নির্মাতা এবং ডিস্ট্রিবিউটরদের কাছে, নিউ ইয়র্ক স্টেট - লাইসেন্সধারী বীমাকারক এবং ফার্মেসি বেনিফিট ম্যানেজার - বা PBM-দের কাছে তলবনামা এবং অন্যান্য নথি প্রদান করার অনুরোধ জারি করেছে ক্ষতিপূরণ পাওয়ার জন্য যেহেতু কয়েক হাজার নিউ ইয়র্কবাসী এবং ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠান এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছেন বর্ধিত প্রিমিয়াম বাবদ ওপিওয়েড সংকটের কারণে।

এখন অবধি PBM-রা সাধারণত সারা দেশে ওপিওয়েড তদন্তের নজরে আসেনি। PBM-রা হল তৃতীয় পক্ষের প্রশাসক বা "দালাল" ওপিওয়েড নির্মাতা এবং বীমাকারকদের মধ্যে। তারা বীমা পলিসির অধীনে প্রদত্ত প্রেসক্রিপশন ড্রাগ কভারেজের বহু-স্তরিয় তালিকা সেট করেন এবং নির্মাতা এবং পরিবেশকদের দ্বারা প্রদত্ত রেয়াত এবং ক্রেডিটের সমঝোতা করেন। DFS জানতে পেরেছে যে কিছু PBM-রা রিবেট পেয়ে থাকতে পারেন ওপিওয়েড নির্মাতা, ওপিওয়েড ড্রাগের পাইকারী বিক্রেতা বা ওপিওয়েড ড্রাগ ডিস্ট্রিবিউটরদের কাছ থেকে একটি কম কো-পে সহ অনুকূল ড্রাগ ফর্মুলারি টায়ারে একটি ওপিওয়েড প্রেসক্রিপশন ড্রাগ বসানোর বিনিময়ে - যা কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে ফেডারাল ও রাজ্য স্বাস্থ্য বীমার নিয়মকানুন লঙ্ঘন করতে পারে।

ওপয়েড নির্মাতা এবং পরিবেশক	ফার্মেসি বেনিফিট ম্যানেজার (PBMগণ)	বীমাকারক
একটাভিস LLC	এটনা হেলথ ম্যানেজমেন্ট LLC	এটনা হেলথ ইনকর্পোরেটিভ অ্যান্ড এটনা হেলথ ইন্স্যুরেন্স কোম্পানি

এসিটাভিস ফার্মা, ইনকর্পোরেটেড	কেয়ারমার্ক PCS হেলথ LLC	রাজধানী জেলার চিকিত্সকদের স্বাস্থ্য পরিকল্পনা
অ্যালার্গান ফাইন্যান্স LLC	DST ফার্মেসি সলিউশন, ইনকর্পোরেটেড (এফ/কে/এ আর্গাস হেলথ সিস্টেমস, ইনকর্পোরেটেড)	কেয়ার কানেক্ট ইন্স্যুরেন্স কোম্পানি ইঙ্কর্পোরেটেড (নর্থওয়েল হেলথ)
সেফালন ইনকর্পোরেটেড	এক্সপ্রেস স্ক্রিপ্টস ইনকর্পোরেটেড	CIGNA হেলথ কেয়ার অফ নিউ ইয়র্ক ইনকর্পোরেটেড।
এন্ডো হেলথ সলিউশন ইনকর্পোরেটেড	ইঞ্জেনিয়োআরএক্স ইনকর্পোরেটেড	ক্রিস্টাল রান হেলথ ইন্স্যুরেন্স কোম্পানি এবং ক্রিস্টাল রান হেলথ প্ল্যান LLC
খ্রো ফার্মাসিউটিক্যালস ইনকর্পোরেটেড	ন্যাভিটাস হেলথ সলিউশন	এমব্লেম হেলথ
জ্যানসেন ফার্মাসিউটিক্যালস ইনকর্পোরেটেড	অপ্টামআরএক্স ইনক	এম্পায়ার হেলথচয়েস অ্যাসিওরেন্স ইনকর্পোরেটেড অ্যান্ড এম্পায়ার হেলথচয়েস HMO
জনসন অ্যান্ড জনসন	ফার্মেসী বেনিফিট ডাইমেনশন	এক্সসেসেলস হেলথ প্ল্যান ইনকর্পোরেটেড অ্যান্ড এক্সেলাস হেলথ প্ল্যান HMO
ম্যালিনক্রোডট LLC	সালুস IPA LLC	নিউ ইয়র্ক কোয়ালিটি হেলথকেয়ার করপোরেশন (ফিডেলিস)
অরথো-ম্যাকনীল-জ্যানসেন ফার্মাসিউটিক্যালস ইনকর্পোরেটেড	মেডিম্প্যাক্ট হেলথকেয়ার সিস্টেম, ইনকর্পোরেটিভ	হেলথফার্স্ট
পার ফার্মাসিউটিক্যাল কোম্পানি ইঙ্কর্পোরেটেড		হেলথনাউ নিউ ইয়র্ক ইনকর্পোরেটেড
পার ফার্মাসিউটিকালস ইনকর্পোরেটেড		হেলথপ্লাস হেলথ প্ল্যান LLC
পার্ডু ফার্মা ইঙ্কর্পোরেটেড		ইন্ডিপেন্ডেন্ট হেলথ অ্যাসোসিয়েশন ইনকর্পোরেটিভ অ্যান্ড ইন্ডিপেন্ডেন্ট হেলথ বেনিফিট কর্পোরেশন
পার্ডু ফার্মা L.P.		মেট্রো প্লাস হেলথ প্ল্যান ইনকর্পোরেটিভ
টেভা ফার্মাসিউটিক্যালস USA ইঙ্কর্পোরেটেড		MVP হেলথ প্লান ও MVP হেলথ ইন্স্যুরেন্স কোম্পানি

দ্য P.F. ল্যাবরেটরিজ ইঙ্কর্পোরেটেড		অস্কার ইন্স্যুরেন্স কর্পোরেশন
পার্ডু ফ্রেডেরিক কোম্পানি ইনকর্পোরেটেড		ইউনাইটেড হেলথকেয়ার অফ নিউইয়র্ক ইনকর্পোরেটেড, অক্সফোর্ড হেলথ প্ল্যানস, এবং অক্সফোর্ড হেলথ ইন্স্যুরেন্স ইনকর্পোরেটেড
ওয়াটসন ল্যাবরেটরিজ ইনকর্পোরেটেড		
আমেরিসোর্সবার্গেন ড্রাগ কর্পোরেশন		
বেলকো হেলথ কর্প		
কিনরে ইনকর্পোরেটেড		
ম্যাককিসন কর্পোরেশন		
রচেস্টার ড্রাগ কোঅপারেটিভ ইনকর্পোরেটেড		
জ্যানসেন ফার্মাসিউটিকা, ইঙ্কর্পোরেটেড		
স্পেকজিএক্স LLC		
কার্ডিনাল হেলথ, ইনকর্পোরেটেড		
দ্য স্যাক্লার ফ্যামিলি		
বেভারলি স্যাক্লার		
ডেভিড এ. স্যাক্লার		
আইলীন স্যাক্লার লেফকোর্ট		
জোনাথন স্যাক্লার		
ক্যাথি এ. স্যাক্লার		
মর্টিমার D.A. স্যাক্লার		
রিচার্ড এস. স্যাক্লার		
থেরেসা স্যাক্লার		

DFS হল নিউ ইয়র্কে স্বাস্থ্য বিমার নিয়ন্ত্রক সংস্থা, যার স্পষ্ট বিধিবদ্ধ অধিকার রয়েছে প্রতারণামূলক পরিমাণ দাবী করা ছাড়াও প্রতি অপরাধে 5,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা ধার্য করার অধিকার।

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, ওপিওয়েডের "নির্মাতা ও পরিবেশক এবং PBM-দের দ্বারা ইচ্ছাকৃত ভুল উপস্থাপন করা হলে তা ভোক্তাদের এবং নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সধারী স্বাস্থ্য বীমাকারকদের জন্য এক বিরাট আর্থিক বোঝা হতে পারত। নিউ ইয়র্কের বীমা শিল্পের তত্তাবধান এবং গ্রাহকদের পর্যালোচনার মূল্যায়ন করার এবং বীমা জালিয়াতির বিরুদ্ধে তদন্ত করার সুস্পষ্ট দায়িত্ব প্রদান করা আছে DFS এর উপর। নিউ ইয়র্কে গ্রাহক ও স্বাস্থ্য বীমা শিল্পকে রক্ষা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য DFS আমাদের কাছে উপলব্ধ প্রতিটি সরঞ্জাম ব্যবহার করবে।"

যেসব ভোক্তা অভিযোগ জমা দিতে ইচ্ছুক তারা এ কাজ করতে পারেন www.dfs.ny.gov/complaint-এ গিয়ে। এছাড়াও আপনি কনজিউমার হটলাইনে যোগাযোগ করতে পারেন (800) 342-3736-এ, সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30 থেকে বিকেল 4:30 পর্যন্ত।

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাতীয় মাদকদ্রব্যের মহামারী রোধ করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেঁচে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবাসহ আসক্তি সেবার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ওষুধ প্রয়োগ-সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে, গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স (Heroin Task Force) নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা, সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকে এমন কেন্দ্র যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবা প্রাপ্তির রেফারেল প্রদান করে।

পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করাসহ উন্নত সংবিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সনের প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করার জন্য কাজ করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 420,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজের বিপরিতকরণ ওষুধ নিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছেন। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন